চৈত্র মাসের কৃষি

(১৫ মার্চ-১৩ এপ্রিল)

বোরো ধান: দেরিতে রোপনকৃত চালায় ইউরিয়া সারের শেষ কিস্তি উপরিপ্রয়োগ করতে হবে। ক্ষেতে গুটি ইউরিয়া দিয়ে থাকলে ইউরিয়া সারের উপরিপ্রয়োগ করতে হবে না। সার দেয়ার আগে জমির আগাছা পরিস্কার করতে হবে এবং জমি থেকে পানি সরিয়ে দিতে হবে। ধানের কাইচ থোড় আসা থেকে শুরু করে ধানের দুধ আসা পর্যন্ত ক্ষেতে ৩-৪ ইঞ্চি পানি ধরে রাখতে হবে। পোকামাকড় দমনের জন্য নিয়মিত ক্ষেত পরিদর্শনসহ সমন্বিত বালাই ব্যবস্থাপনা গ্রহণ করতে হবে।

ভুট্টা (রবি): জমিতে শতকরা ৭০-৮০ ভাগ গাছের মোচা খড়ের রঙ ধারণ করলে এবং পাতার রঙ কিছুটা হলদে হলে মোচা সংগ্রহ করতে হবে। বৃষ্টি শুরু হওয়ার আগে শুকনো আবহাওয়ায় মোচা সংগ্রহ করতে হবে। সংগ্রহ করা মোচা ভালোভাবে শুকিয়ে সংরক্ষণ করতে হবে।

ভুট্টা (খরিফ): এ মাসে গ্রীষ্মকালীন ভুট্টার বীজ বপন করতে হবে। খরিফ মৌসুমের জন্য ভূট্টার উন্নত জাতগুলো হলো বারি হাইব্রিড ভূট্টা-৫, বারি হাইব্রিড ভূট্টা-৭, বারি হাইব্রিড ভূট্টা-৯, বারি হাইব্রিড ভূট্টা-১০, বারি হাইব্রিড ভূট্টা-১৪, বারি হাইব্রিড ভূট্টা-১৫।

পাট: চৈত্র মাসের শেষ পর্যন্ত পাটের বীজ বপন করা যায়। পাটের ভালো জাতগুলো হলো ও-৯৮৯৭, বিজেআরআই তোষা পাট-৪, বিজেআরআই তোষা পাট-৫, বিজেআরআই তোষা পাট-৬, বিজেআরআই তোষা পাট-৭, বিজেআরআই দেশি পাট-৫, বিজেআরআই দেশি পাট-৬, বিজেআরআই দেশি পাট-৭, বিজেআরআই দেশি পাট-৮ ও বিজেআরআই দেশি পাট-৯।

অন্যান্য মাঠ ফসল: মাঠে থাকা রবি ফসলের মধ্যে চীনা, কাউন, আলু, মিষ্টিআলু, চীনাবাদাম, পেঁয়াজ, রসুন এসব দ্রুত সংগ্রহ করে ফেলতে হবে।

শাকসবজি: গ্রীষ্মকালীন শাকসবজি (গ্রীষ্মকালীন টমেটো, ঢেঁড়স, বেগুন, করলা, ঝিঙা, ধুন্দুল, চিচিঙ্গা, শসা, ওলকচু, পটোল, কাঁকরোল, মিষ্টিকুমড়া, চালকুমড়া, লালশাক, পুঁইশাক এসব) চাষের জন্য এ মাসেই বীজ বপন বা চারা রোপন করতে হবে।

গাছপালা: এ সময় বৃষ্টির অভাবে মাটিতে রসের পরিমাণ কমে আসে। এ অবস্থায় গাছের গোড়ায় নিয়মিত পানি দেয়ার ব্যবস্থা করতে হবে। আম ও কাঁঠালে রোগ ও পোকামাকড় দমনের জন্য অনুমোদিত বালাইনাশক প্রয়োগ করতে হবে। কলাবাগানের পার্শ্ব চারা, মরা পাতা কেটে দিতে হবে। পেঁপের চারা রোপণ করতে পারেন এ মাসে। নার্সারিতে চারা উৎপাদনের জন্য বনজ গাছের বীজ বপন করতে পারেন। বাঁশ ঝাড়ের গোড়ায় মাটি ও জৈবসার প্রয়োগ করতে হবে।

বিস্তারিত তথ্যের জন্য নিকটস্থ উপসহকারী কৃষি কর্মকর্তা বা উপজেলা কৃষি অফিসে যোগাযোগ করুন অথবা যেকোনো মোবাইল থেকে কৃষি কল সেন্টারের ১৬১২৩ নম্বরে কল করুন।

পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং
অতি: পরিচালক | প্রকল্প পরিকল্পনা | প্রকল্প বাস্তবায়ন ও মূল্যায়ন | ভৌত অবকাঠামো উন্নয়ন ও আইসিটি
ব্যক্তিগত সহকারি / প্রধান সহকারি
ডাইরী নং- ২৫৮
অতীব জরুরী / জরুরী / আলাপ
DD (ICT)
Plz. publish on website
298
২২৮